

মিরপুরে ডিজিটাল শিশুশিক্ষা মেলা

তথ্যপ্রযুক্তিবিদ মোস্তাফা জব্বার বলেছেন, প্রচলিত শিক্ষাকে ডিজিটাল পদ্ধতিতে রূপান্তর করেই ডিজিটাল বাংলাদেশের মানবসম্পদ তৈরি করতে হবে। এ জন্য পাঠ্যক্রম, মূল্যায়ন, পাঠ্যবই ও পাঠদান পদ্ধতিকে বদলে ডিজিটাল করতে হবে।

রাজধানীর মিরপুরে ডিজিটাল শিশুশিক্ষা মেলা-২০১৫-এর

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের

আইইআর বিভাগের প্রফেসর ড. আবদুল মালেক, ফটোগ্রাফিক

আ্যোসোসিয়েশনের ডাইস প্রেসিডেন্ট বশির আহমেদ বকুল,

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের

সচিব ড. মুহাম্মদ খালেদ,

বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমির

মহাব্যবস্থাপক মো. বজলার রহমান

মোম্মা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের

কম্পিউটার বিভাগের শিক্ষক ড.

মো. আবদুর রাজ্জাক, কুমিল্লা শিক্ষা

বোর্ডের সাবেক প্রফেসর মো.

হাফিজ উদ্দিন, মাধ্যমিক শিক্ষা

বোর্ডের উপবৃষ্টি প্রোগ্রামের

পরিচালক মো. আফজাল,

বাংলাদেশ বেতারের অতিরিক্ত

প্রকৌশলী সুলতান আহমেদ, দি-

সান ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা

নজরুল ইসলাম, সিটি স্কুলের

প্রিন্সিপাল আলমগীর হোসেন

খেলাল প্রমুখ।

মিরপুর ইবলিশ ভার্সন স্কুল অ্যান্ড

কলেজ আয়োজিত অনুষ্ঠানটিতে

সভাপতিত্ব করেন মো. ইয়াহিয়া

খান রিজুন এবং সঞ্চালনা করেন

জসিম উদ্দিন জয়।

‘প্রযুক্তির হাত ধরে শিখব আমরা

আনন্দে’— এ স্লোগানকে সামনে

রেনে শুরু হওয়া এ মেলা চলবে ৩১

আক্টোবর পর্যন্ত। প্রতিদিন বিকাল ৩টা

থেকে সাড়ে ৫টা পর্যন্ত চলবে মেলা।

বৃহত্তর মিরপুরবাসীর কাছে শিশুদের

ডিজিটাল শিক্ষাব্যবস্থাকে তুলে

ধরাই এ মেলায় মূল উদ্দেশ্য।